The Bangladesh Monitor - A Premier Travel Publication

ফের চালু মিউনিখ বিমানবন্দর

- A Monitor Desk Report Date: 04 October, 2025

ঢাকা :ড্রোন আতঙ্কের কারণে গত কয়েক দিনের মধ্যে দ্বিতীয় দফা বন্ধ থাকার পর মিউনিখ বিমানবন্দরে শনিবার (৪ অক্টোবর) ‘ক্রমান্বয়ে’ ফ্লাইট চলাচল শুরু হয়েছে।

বিমানবন্দরটির কার্যক্রম বন্ধ থাকার ফলে ৬ হাজার ৫০০ জনেরও বেশি যাত্রী ক্ষতিগ্রস্ত হয়েছে।

কর্তৃপক্ষ জানিয়েছে, সারাদিন ফ্লাইট বিলম্বের আশঙ্কা করা হচ্ছিল। ডেনমার্ক, নরওয়ে ও পোল্যান্ডের বিমানবন্দরগুলো সম্প্রতি অজ্ঞাত ড্রোন আতঙ্কের কারণে ফ্লাইট স্থগিত করেছে।

মিউনিখ বিমানবন্দর এক বিবৃতিতে জানিয়েছে, ‘ড্রোন দেখা যাওয়ার কারণে শুক্রবার (৩ অক্টোবর) রাত ৯টা ৩০ মিনিট থেকে উড়োজাহাজ চলাচল সীমিত করা এবং পরে তা বাতিল করা হয়। এর ফলে বিমানবন্দরমুখী ২৩টি ফ্লাইটের গতিপথ পরিবর্তন করে অন্যান্য বিমানবন্দরে পাঠানো হয় এবং মিউনিখগামী ১২টি ফ্লাইট বাতিল করা হয়।

এর আগে, বৃহস্পতিবার (২ অক্টোবর)রাত ১০টার পরও বিমানবন্দর কিছু সময়ের জন্য বন্ধ হয়েছিল। এর ফলে ১৭টি ফ্লাইট বাতিল হয় এবং প্রায় ৩ হাজার যাত্রী|

-B